দৈনিক জনকণ্ঠ

৯৩

তারিখ ... APR. 1 0 1999
পৃষ্ঠা ১১ কলাম ৬

# দুই শিক্ষককে প্রাণনাশের হুমকি ॥ ইসলামীয়া ডিগ্রী কলেজে প্রতিবাদ সভা

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ ইসলামীয়া ডিগ্রী কলেজের ছাত্র সংসদের ভিপি কলেজের দু'জন শিক্ষককে প্রাণনাশের হুমকি দিয়েছে। বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টায় অধ্যাপক শ্রীমান কান্তি ঘোষ ও শহীদুল্লাহ চৌধুরীকে কলেজ ক্যাম্পাসের বাইরে ডেকে নিয়ে ভিপি খলিলুর রহমান নাহিদ বুকে অস্ত্র ঠেকিয়ে এই হুমকি দেয়। এ সময় তাঁদের ধাক্কা দিয়ে আহত করা হয় বলে কলেজ সূত্রে জানানো হয়। এ ঘটনার প্রতিবাদে কলেজ অধ্যক্ষ রেজাউল কবিরের সভাপতিত্বে শিক্ষক পরিষদের এক প্রতিবাদসভা অনুষ্ঠিত হয়। সভায় ঘটনার দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূল শাস্তির দাবি জানানো হয়। অন্যথায় অব্যাহত কর্মবিরতি ও অনশনসহ বিভিন্ন কর্মসূচী পালন করা হবে বলে ঘোষণা করা হয়।